দৈনিক
জনকণ্ঠ

তারিখ 20 MAR 2016
পৃষ্ঠা ২ ৫ কলাম ৬

# পাকুন্দিয়ায় শিক্ষক নিয়োগ দ্বন্দ্বে গুলিবিদ্ধ ৬

**নিজস্ব সংবাদদাতা, কিশোরগঞ্জ, ১৯ মার্চ ॥** পাকুন্দিয়ার কোদালিয়া উচ্চ বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের দ্বন্দ্বের জের ধরে দু'পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ছয়জন গুলিবিদ্ধসহ ১০ জন আহত হয়েছে। এ সময় ধাওয়া পাল্টাধাওয়া ও ভাংচুরের ঘটনা ঘটে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে কয়েক রাউন্ড শটগানের গুলি ও টিয়ারশেল নিক্ষেপ করে। শনিবার দুপুরে উপজেলার চণ্ডীপাশা ইউনিয়নের কোদালিয়া এলাকায় এ ঘটনা ঘটে।

একাধিক সূত্র জানায়, উপজেলার কোদালিয়া এসআই উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ পাঁচটি পদে নিয়োগ নিয়ে দীর্ঘদিন ধরে দু'পক্ষের মধ্যে বিরোধ চলে আসছিল। এরই জের ধরে শনিবার দুপুরে নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক ঘাগড়া গ্রামের জয়নাল আবেদীন মিলন স্কুলে যোগদান করতে গেলে কোদালিয়া গ্রামের লোকজন বাধা দেয়। একপর্যায়ে ঘাগড়া ও কোদালিয়া গ্রামের লোকজন বিভিন্ন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশের শটগানের গুলিতে কোলাদিয়া গ্রামের এংরাজ, মঞ্জু, রাজন, কাইয়ুম, নূরু ও রঞ্জন গুলিবিদ্ধসহ অন্তত ১০ আহত হয়। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে। খবর পেয়ে পাকুন্দিয়া ও হোসেনপুর থানা পুলিশ এবং কিশোরগঞ্জ থেকে অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।